

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-২ শাখা

Website: www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৮৫.০১৮.০১.০০.০৩৩.২০১৫-৯২২

তারিখঃ ২৪.১১.২০১৫ খ্রিঃ

বিষয় : স্থানীয় সরকার বিভাগের অধীনস্থ সংস্থা/দপ্তরসমূহের ইনোভেশন টিম গঠন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি পর্যায়ে সকল সেবা প্রদান পদ্ধতি সহজীকরণের উপায় খুঁজে বের করার নিমিত্তে স্থানীয় সরকার বিভাগের অধীনস্থ সংস্থা/দপ্তরসমূহের চৌকস, মেধাবী ও উদ্যোগী অনধিক ০৩(তিন) জন কর্মকর্তাগণের সমন্বয়ে একটি ইনোভেশন টিম গঠনপূর্বক আগামী ২৬.১১.২০১৫ তারিখের আবশ্যিকভাবে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২। ইনোভেশন টিমের কার্যপরিধি :

- (১) স্ব স্ব কার্যালয়ের সেবা প্রদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ গুণগত পরিবর্তন আনয়ন ;
- (২) এ সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বৎসরের শুরুতে মাসিক সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন ;
- (৩) গঠিত ইনোভেশন টিম কর্তৃক প্রতিমাসে কমপক্ষে একটি ইনোভেশন সভা আহবান এবং সভার সিদ্ধান্তসমূহ স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসার মহোদয়ের বরাবরে প্রেরণ নিশ্চিতকরণ ;
- (৪) প্রতি বছরের ৩১ জানুয়ারির মধ্যে পূর্বর্তী বছরের একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রণয়ন এবং স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য প্রেরণ ;



মোঃ ঈশান আলী রাজা বাঙালী

উপসচিব ও সদস্য সচিব

ইনোভেশন কমিটি, স্থানীয় সরকার বিভাগ

ফোনঃ ৯৫৪০৩৭০

ই-মেইলঃ watersupply_02@yahoo.com

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি), ঢাকা।
- ২। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, সকল সিটি কর্পোরেশন।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা ওয়াসা।
- ৫। উপ/সহকারী পরিচালক, ঢাকা মশক নিবারনী দপ্তর, লাঙ্গবাগ, ঢাকা।

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)

- ১। অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ২। উপসচিব (সিটি কর্পোরেশন-১/ ২), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), স্থানীয় সরকার বিভাগ।
- ৪। সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন-১/ ২), স্থানীয় সরকার বিভাগ।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।